

হরতাল-অবরোধ  
এসএসসি পরীক্ষা  
কেন্দ্র পাহারায় ছাত্র  
সংগ্রাম পরিষদ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >

পূর্বমোষণা অনুযায়ী এসএসসি পরীক্ষার্থীদের নির্বিঘ্নে পরীক্ষাকেন্দ্রে যেতে কেন্দ্রের পাশে পাহারা দিয়েছে ছাত্রলীগ। বিএনপির হরতাল-অবরোধে শিক্ষার্থীদের সহায়তা করতে গতকাল শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষাকেন্দ্র পাহারা দেয় নেতা-কর্মীরা।

ছাত্র সংগ্রাম পরিষদের সমন্বয়ক ও ছাত্রলীগ সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগের নেতৃত্বে ছাত্র সংগ্রাম পরিষদের সীমিতস্থানীয় নেতারা ঢাকা মহানগরীর গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, আজিমপুর গার্লস স্কুল, ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল, ওয়েস্টার্ন হাই স্কুল, রহমতুল্লাহ হাই স্কুল ও মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়সহ কয়েকটি পরীক্ষা কেন্দ্র সরেজমিনে পরিদর্শন করেন।

বদিউজ্জামান সোহাগ বলেন, হরতাল-অবরোধের মধ্যে পরীক্ষা চলাকালে প্রতিটি কেন্দ্রে নিরাপত্তা দিতে পাহারায় থাকবে ছাত্রলীগের নেতা-কর্মীরা। ছাত্র সংগ্রামের পাশাপাশি দেশের প্রতিটি পরীক্ষা কেন্দ্রেই ছাত্রলীগের নেতারা অবস্থান নেন। পরবর্তী পরীক্ষার সময়ও অবস্থান নেওয়া হবে।

প্রমোদ ভ্রমণে ছাত্রলীগ সাধারণ সম্পাদক। ২০ দলীয় জোটের হরতাল-অবরোধে দেশব্যাপী ক্রমাগত সহিংসতায় ও টালমটাল পরিস্থিতিতে ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম প্রমোদ ভ্রমণে থাইল্যান্ড গেছেন বলে জানা গেছে। তাঁর সঙ্গে কেন্দ্রীয় কমিটির আরো কয়েকজন নেতাও রয়েছেন। ছাত্রলীগের নেতা-কর্মীদের সঙ্গে কথা বলে ভ্রমণের বিষয়ে নিশ্চিত হওয়া গেছে।